Department of Education
Chancellor Meisha Porter

24 মে, 2021

প্রিয় পরিবারবর্গ,

প্রথমত, ধন্যবাদ। আমি জানি বিগত বছরটিতে আমাদের সকলের দৃঢ়তা, সংকল্প, নমনীয়তা, এবং ত্যাগ স্বীকার করা আবশ্যক ছিল, এবং বিশেষভাবে আপনাদের কাছ থেকে। আপনাদের নতুন ভূমিকায় অবতীর্ণ হতে হয়েছে যা আপনাদের কখনও গ্রহণ করতে হবে বলে আপনারা ভাবেননি, এবং গত বছর কোভিড-19 (COVID-19)-এর কারণে আপনাদের স্বজন হারানোর পাশাপাশি বহু জীবনযুদ্ধ মোকাবেলা করতে হয়েছে।

আমরা যখন এই শিক্ষা বছরটি শেষ করে আনছি, তখন আপনাদের সন্তানদের জন্য স্কুল কী এবং তা কী অর্থ বহন করে তা নতুনভাবে কল্পনা করার সুযোগের প্রতি আমি প্রত্যাশা করছি। আমরা জানি যে আমাদের শিক্ষার্থীদের একটি উষ্ণ, স্বাগতমূলক, এবং ইতিবাচক শিক্ষা পরিবেশে আমাদের স্বাগত জানাতে হবে, যা তাদের যখন সহায়তা প্রয়োজন হবে তখন শিক্ষাগতভাবে জাগ্রত করার পাশাপাশি চ্যালেঞ্জ করবে।

আমরা আমাদের শিক্ষার্থীদের কীভাবে শিক্ষাদান করবো তা পুনরায় ভাবার জন্য আমাদের স্কুলগুলো যখন কঠোর পরিশ্রম করছে, তখন আমি আমাদের 2021-এর ফল-এ (হেমন্তে) স্কুল পুনরায় খোলার পরিকল্পনা শেয়ার করতে পেরে উদ্দীপিত। লভ্য স্বাস্থ্য নির্দেশকগুলোর ভিত্তিতে, আমরা এই সেপ্টেম্বরে পূর্ণ-দিবস, সশরীরে শিক্ষায় পুনরায় ফিরে আসবো। এর অর্থ হচ্ছে যে 3-K থেকে 12 গ্রেডের সকল শিক্ষার্থী এই হেমন্তে (ফল-এ) সশরীরে শিক্ষায় ফিরে আসবে।

সকল শিক্ষার্থী এবং স্টাফ এই হেমন্তে (ফল-এ) সশরীরে উপস্থিত শিক্ষা নির্দেশনায় ফিরে আসবে। এই চ্যালেঞ্জপূর্ণ বছরে আমাদের সকল প্রিন্সিপ্যাল, শিক্ষক এবং স্কুল স্টাফদের আত্মোৎসর্গ ও কঠোর পরিশ্রমের প্রতি আমরা অত্যন্ত কৃতজ্ঞ, এবং আমরা আপনাদের ছেলেমেয়েদের তাদের প্রিয় শিক্ষকগণের পাশাপাশি তাদের সহপাঠীদের সাথে পুনরায় একত্রিত করতে পারায় আমরা উদ্দীপিত।

আমরা যখন আপনাদের ছেলেমেয়েদের পাশাপাশি শিক্ষক ও স্টাফদের স্কুলে পুনরায় ফিরে আসার জন্য প্রস্তুত হচ্ছি, তখন আমরা স্বাস্থ্য ও নিরাপত্তাকে প্রাধান্য দেয়ার অব্যাহত অঙ্গীকার বজায় রাখবো। বর্তমান চলমান 7-দিনের কোভিড (COVID) পজিটিভ আসার রেট 0.16% এবং অব্যাহত নিম্ন সংক্রমণের হারের কারণে, আমাদের স্কুলগুলো নিরাপত্তার প্রমাণিত রেকর্ড রয়েছে। সেপ্টেম্বরে CDC-এর পারস্পরিক দূরত্ব বজায় রাখার বাধ্যতামূলক শর্তাবলী যাই হোক না কেন আমরা তা পূরণ করবো, এবং আমরা প্রত্যাশা করছি যে সিটির অব্যাহত স্বাস্থ্য পরিমাপকগুলো আরো নমনীয়তার সুযোগ দিতে পারে। সর্বশেষভাবে, স্বাস্থ্য ও সুরক্ষাকে আমাদের সর্বোচ্চ প্রাধান্য হিসেবে রেখে, আমরা বিগত স্কুল বছরে যেসব স্বাস্থ্য ও সুরক্ষার পদক্ষেপগুলো গ্রহণ করেছি সেগুলো বজায় রাখবো, এতে রয়েছে:

- আমাদের সকল স্কুল ভবনে মাস্ক পরিধান অব্যাহতভাবে বাধ্যতামূলক থাকবে
- যাদের কোভিড-19 (COVID-19) উপসর্গ দেখা যাবে তাদের বাড়িতে থাকতে হবে
- শিক্ষার্থী, শিক্ষক এবং স্টাফদের অব্যাহতভাবে দৈনিক স্বাস্থ্য যাচাইকরণ (ডেইলি হেলথ্ স্ক্রিনার) বাড়িতে পূরণ করতে হবে
- প্রতিটি স্কুল ভবনে অব্যাহতভাবে একজন নার্স উপস্থিত থাকবেন
- প্রতিটি ক্লাসরুমে কার্যকর ভেন্টিলেশন (কক্ষে বাতাস সরবরাহ) সিস্টেম থাকবে
- সর্বসাম্প্রতিক স্বাস্থ্য নির্দেশনার উপদেশ অনুযায়ী স্কুল ভবনগুলোর অভ্যন্তরে কোভিড-19 (COVID-19) পরীক্ষা বা টেস্টিং অব্যাহত থাকবে
- যদি কোনো পজিটিভ কেইস পাওয়া যায় তবে সিচ্যুয়েশন রুম (পরিস্থিতি নিয়ন্ত্রণ কেন্দ্র) অব্যাহতভাবে স্কুলগুলোকে সহায়তা দিয়ে যাবে

Department of Education
Chancellor Meisha Porter

আমরা জানি যে আমাদের শিক্ষার্থীদের অনেকেই 2020-এর মার্চ মাস থেকে সশরীরে স্কুলে অংশগ্রহণ করেনি, এবং এই হেমন্তে (ফল-এ) সশরীরে স্কুলে ফিরে আসার জন্য সামঞ্জস্যতার প্রয়োজন হবে। একটি ইতিবাচক হোমকামিং (স্বাগত) নিশ্চিত করতে আপনাদের ছেলেমেয়েদের ফিরে আসায় স্বাগত জানাতে এবং প্রয়োজন অনুযায়ী সহায়তা প্রদান করতে আমরা সর্বোত প্রচেষ্টা করার প্রতিশ্রুতি করছি। আমরা ইতোমধ্যে আরও শিক্ষক ও সোশ্যাল ওয়ার্কার নিয়োগদানের জন্য বিনিয়োগ করেছি, এবং আমাদের শিক্ষার্থীদের সহায়তা দেয়ার জন্য শিক্ষাগত ও সামাজিক-আবেগজনিত শিক্ষণ কর্মসূচি থাকবে। এই উত্তরণে বর্তমানে আমরা নিম্নলিখিত কিছু উপায়ে সহায়তা করছি, এবং আপনি ও আপনার সন্তানকে অংশগ্রহণের জন্য উৎসাহিত করছি:

**চ্যান্সেলরের বরো-ব্যাপী ফ্যামিলি ফোরামসমূহ:** আমি এই হেমন্ত (ফল) সম্পর্কে, এবং আপনাদের সন্তানদের স্বাগত জানাতে এবং একটি সমৃদ্ধিমূলক ও চ্যালেঞ্জপূর্ণ শিক্ষাগত অভিজ্ঞতা অর্জন যেটায় সামাজিক-আবেগজনিত শিক্ষণ সম্পৃক্ত হওয়া নিশ্চিত করতে আমরা কীভাবে আমাদের রিসোর্সসমূহ ব্যবহার করতে পারি সেবিষয়ে বরো-ব্যাপী ফ্যামিলি টাউন হল অনুষ্ঠানের আয়োজন করছি। আরও জানতে এবং রেজিস্টার করতে, অনুগ্রহ করে আমাদের এই ওয়েবসাইটটি দেখুন: https://www.schools.nyc.gov/get-involved/families/family-empowerment/chancellor-porter-s-family-forums

**স্কুল ওপেন হাউসসমূহ:** জুন থেকে শুরু করে পুরো গ্রীষ্মকাল জুড়ে, পরিবারদের পরিদর্শন করার জন্য, ঘুরেফিরে দেখার জন্য, এবং গত বছর যেসব স্বাস্থ্য ও সুরক্ষার পূর্ব সাবধানতামূলক পদক্ষেপসমূহ যেগুলো আমাদের স্কুলগুলোকে নিরাপদ রেখেছে সেগুলো সম্পর্কে অবহিত করার জন্য প্রতিটি স্কুল ওপেন হাউস আয়োজন করবে। যখন এগুলো সময়সূচি করা হবে তখন আপনার সন্তানের স্কুল আপনার সাথে যোগাযোগ করবে, এবং আরও জানতে আপনাদের অংশগ্রহণ করতে আমরা উৎসাহিত করছি।

**সামার রাইজিং:** ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলাপমেন্ট-এর সাথে অংশীদারিত্ব করে, আমরা আগ্রহী শিক্ষার্থীদের জন্য একটি সমৃদ্ধীমূলক, মজার, ও আনন্দময় সামার ক্যাম্প অভিজ্ঞতা প্রদান করতে পেরে আমরা উদ্দীপিত। আপনার সন্তানকে তার স্কুল কমিউনিটিতে ফিরে আসতে স্বাগত জানাতে, শিক্ষকগণ ও স্টাফদের সাথে পুনরায় সম্পৃক্ত হতে, এবং আনন্দ উপভোগ করার পাশাপাশি হেমন্তের (ফল-এর) জন্য প্রস্তুত হতে - আমাদের সাথে অংশগ্রহণ করতে আমরা তাকে উৎসাহিত করছি! পরিবারেরা উল্লিখিত সাইটে সাইন আপ করতে পারেন: https://discoverdycd.dycdconnect.nyc/home

গত বছর আপনাদের ছেলেমেয়েদের শিক্ষায় আপনাদের অংশীদারিত্ব, আপনাদের সম্পৃক্ততা, এবং আপনাদের নিবেদিত প্রাণের জন্য আপনাদের ধন্যবাদ। এই ব্যাপক চ্যালেঞ্জ থাকা স্বত্বেও আমাদের ছেলেমেয়েদের জন্য সম্ভাব্য সেরা অভিজ্ঞতা নিশ্চিত করার জন্য আমাদের কমিউনিটিগুলো একে অন্যকে পাঁশে দাঁড়াতে যেভাবে কাজ করেছে তাতে আমি বিস্ময়াভিভূত। সেপ্টেম্বর থেকে শুরু করে - প্রতিটি শিক্ষার্থীর জন্য হবে একটি উষ্ণ ও স্বাগতমূলক, ইতিবাচক, ও সমৃদ্ধিমূলক - একটি নতুন স্বাভাবিকতা গড়ে তুলতে আমি আপনাদের সাথে অংশীদারিত্ব করার, আপনাদের কাছ থেকে জানার, এবং বিগত বছরজুড়ে আমরা একত্রে যা করেছি তা ব্যবহার করার প্রত্যাশা করছি।

অংশীদারিত্বে,

মিশা পোর্টার (Meisha Porter)
নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যান্সেলর